



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours PART-III Examinations, 2018

বাংলা - সাম্মানিক

অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাঙ্গিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫ × ১ = ১৫
- (ক) কালিদাস রচিত মহাকাব্য ও খণ্ডকাব্যগুলি কী কী? তাঁর কাব্য-প্রতিভার বৈশিষ্ট্য নির্দেশ করো। ৫+১০
- (খ) 'বাল্মীকি রামায়ণ' থেকে কাহিনীসূত্র গৃহীত হলেও ভবভূতির 'উত্তর রামচরিত' তাঁর সৃজনী প্রতিভার মৌলিকতায় সংস্কৃত নাট্যসাহিত্যের অমূল্য সম্পদ'— মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫
- (গ) শূদ্রকের 'মৃচ্ছকটিক'-কে 'প্রকরণ' আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করে রচনাটির নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮
২. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫ × ১ = ৫
- (ক) বিক্রমোবশীয়ম্
- (খ) হর্বচরিত
- (গ) গীতগোবিন্দম্
- (ঘ) অভিজ্ঞানমশকুন্তলম্
- (ঙ) কাদম্বরী।
৩. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫ × ১ = ১৫
- (ক) শেকস্পীয়রের ট্রাজেডি নাটকগুলির নাম লেখো। তাঁর দুটি ট্রাজেডি নাটকের বিস্তৃত আলোচনা করো। ৩+৬+৬
- (খ) 'সুন্দর অথচ ব্যর্থ এক দেবদূত, শূন্যে ঝাপটাচ্ছেন তাঁর উজ্জ্বল ডানা'— কবি সম্বন্ধে এই উক্তিটি কতখানি প্রযোজ্য শেলি-র কবিতা অবলম্বনে তা পরিশ্ফুট করো। ১৫
- (গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য 'বার্নার্ড শ' আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার? আলোচনা করো। ১৫
৪. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫ × ১ = ৫
- (ক) লিরিক্যাল ব্যালাডস্
- (খ) প্যারাডাইস লস্ট
- (গ) অলিভার টুইস্ট
- (ঘ) প্রমেথিউস আনবাউণ্ড
- (ঙ) জন কীটস্-এর ওড।

৫. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) উপন্যাস রচনায় প্রেমচাঁদের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। বাংলা উপন্যাসে তাঁর প্রভাব কতখানি তা লেখো। ১০+৫
- (খ) আঞ্চলিক উপন্যাস রচনায় ফনীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দাও। ১৫
- (গ) মহাদেবী বর্মা-র কাব্যগ্রন্থগুলি অবলম্বনে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও। ১৫
৬. নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×২ = ১০
- (ক) সদগতি
- (খ) পল্টুবাবু রোড
- (গ) দুর্লভ বন্ধু
- (ঘ) অনামিকা
- (ঙ) কুকুরমুত্তা
- (চ) ময়লা আঁচল।
৭. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) “এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা”- “অতিরিক্ত বস্তু”টি কী? কীভাবে তা ‘কাব্যের আত্মা’ হয়ে উঠেছে, বুঝিয়ে বলো। ৩+১২
- (খ) “রীতিরাত্মা কাব্যস্য”- এই মন্তব্যটির ব্যাখ্যা করো এবং ‘কাব্যের আত্মা’ বিচারে রীতির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫
- (গ) বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে কীভাবে রস নিষ্পত্তি হয় তা বুঝিয়ে দাও। ১৫
৮. নিম্নলিখিত থেকে যে-কোনো একটি টীকা লেখোঃ ৫×১ = ৫
- (ক) স্থায়ীভাব।
- (খ) সহৃদয়-হৃদয় সংবাদী।
- (গ) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ।
৯. নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) “চিত্র এবং সঙ্গীত সাহিত্যের প্রধান উপকরণ” - কোন্ রচনার অংশ? কীভাবে চিত্র ও সঙ্গীত সাহিত্যের উপকরণ হয়ে উঠেছে তার ব্যাখ্যা করো। ২+১৩
- (খ) “অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ” - রবীন্দ্রনাথের ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টির প্রতি আলোকপাত করো। ১৫
- (গ) আধুনিক কবি বলিয়াছেনঃ “Truth is beauty, beauty is truth”— ‘আধুনিক কবি’ কে? তাঁর প্রকৃত উক্তিটি কী? লেখককৃত রূপান্তর কীভাবে প্রবন্ধে ব্যাখ্যাত হয়েছে তা দেখাও। ১+২+১২